



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/এইচএসসি/২০২১/২৬৪

তারিখঃ ২৬ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

০৯ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

এইচএসসি-২০২০এর অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। গত ০৭ অক্টোবর ২০২০ তারিখ মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের ঘোষণা প্রদান করেন। তাই পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ এবং ব্যবহারিক ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃশিক্ষাবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটি ১৫৮তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫২৮ তম সভায় অনুমোদিত হয়।

২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার অব্যয়িত কেন্দ্র ফি ফেরত প্রদানঃ

(ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলো তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তৃতীয়) ৩০.০০ (ত্রিশ) টাকা করে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি ১০.০০(দশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।


(খ) কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীদের ফেরতঃ ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলো তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা করে এবং আইসিটি বিষয়ের পরীক্ষার্থীদের ক্ষেত্রে অতিরিক্ত ২৫.০০ (পঁচিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। এছাড়া প্রবেশ পত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও অতিরিক্ত ৪৫.০০(পয়তাল্লিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। পরীক্ষার্থী কেন্দ্র ফি বাবদ অব্যয়িত উক্ত অর্থ প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।

(গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রাপ্যঃ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ফরম পূরণ বাবদ আদায়কৃত অর্থের ১০% এবং আইসিটি ব্যবহারিক বিষয়ের জন্য আদায়কৃত ফি থেকে পরীক্ষার্থী প্রতি ২০.০০ (বিশ) টাকা ফরম পূরণ ও আনুষঙ্গিক কাজের ব্যয় নির্বাহ করবে।

(ঘ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদানঃ ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থী প্রতি সংশ্লিষ্ট কেন্দ্রকে ১৬০.০০ (একশত ষাট) টাকা হারে প্রদান করবে। কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষায় গোপনীয় সামগ্রী পরিবহন ও বোর্ডে জমাধান, সংরক্ষণ এবং প্রশাসনিক ব্যয় নির্বাহ করবে।

বিহুদঃ শিক্ষাবোর্ড থেকে পরীক্ষার্থীদের প্রাপ্য অর্থ প্রতিষ্ঠানভিত্তিক প্রদানের বিজ্ঞপ্তি শীঘ্রই প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র প্রতিষ্ঠানকে আগামী ১৫/০২/২০২১ তারিখের মধ্যে নির্ধারিত ফি পরিশোধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের নির্দেশক্রমে


০৯.০২.২০২১
অরুন কুমার গাইন
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০৪৩১-৬৪০৮৫

সকল অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কেন্দ্র (এইচএসসি পরীক্ষা-২০২০)

সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা
- ০৩। মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৫। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ০৭। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ০৮। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ০৯। সংরক্ষণ নথি